19 OCT 2017

সমকাল

# ঢাবির 'ক' ইউনিটে অনুত্তীর্ণের হার ৭৬.৬৩ শতাংশ

## 'চ' ইউনিটে উত্তীর্ণ ৩০৪ জন

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজ্ঞান অনুষদের অধীনে 'ক' ইউনিট ও চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক সম্মান শ্রেণির প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে 'ক' ইউনিটে ৭৬ দশমিক ৬৩ শতাংশ শিক্ষার্থী অনুত্তীর্ণ হয়েছেন। এ ছাড়া 'চ' ইউনিটে এ অনুত্তীর্ণের হার ৯৭ দশমিক ২৫ শতাংশ। এ ইউনিটে মাত্র ৩০৪ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে ইউনিট দুটির ফল ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন 'ক' ইউনিটে ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক মো. হাসানুজ্জামান, 'চ' ইউনিটে ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. ইমদাদুল হক, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল, অনলাইন ভর্তি কমিটির ■ পৃষ্ঠা ১৩ : কলাম ১

## ঢাবির 'ক' ইউনিটে অনুত্তীর্ণের

[তৃতীয় পৃষ্ঠার পর]

আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ প্রমুখ।

এ বছর 'ক' ইউনিটে এক হাজার ৭৬৫টি আসনের বিপরীতে মোট ৮৯ হাজার ৫০৮ জন ভর্তিচ্ছু আবেদন করেন। এর মধ্যে ৮২ হাজার ৪৫৩ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেন। অংশগ্রহণকারীদের মধ্যে উত্তীর্ণ হয়েছেন ১৯ হাজার ২৬৭ জন। সে হিসাবে মোট পাসের হার ২৩ দশমিক ৩৭ শতাংশ। প্রশ্নপত্রে উল্লিখিত নিয়ম অনুযায়ী বিষয় পূরণ না করা বা অতিরিক্ত বিষয়ের উত্তর দেওয়ায় ৩০৪টি উত্তরপত্র বাতিল করা হয়েছে।

'ক' ইউনিটের উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ৫ থেকে ১৫ নভেম্বর পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ২৯ অক্টোবর থেকে ৬ নভেম্বরের মধ্যে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।

**'চ' ইউনিট :** 'চ' ইউনিটের ভর্তিচ্ছু মোট ১৩ হাজার ৪৭৮ আবেদনকারীর মধ্যে ১১ হাজার ৭২ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেন। এর মধ্যে ৩০৪ জন উত্তীর্ণ হন। সে হিসাবে পাসের হার ২ দশমিক ৭৫ শতাংশ। 'চ' ইউনিটে মোট আসন সংখ্যা ১৩৫টি।

এ ইউনিটের পাসকৃত সব ছাত্রছাত্রীকে আগামী ২৩ থেকে ৩০ অক্টোবর পর্যন্ত ওয়েবসাইটে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংশ্লিষ্ট কোটার ফরম ২৩ থেকে ৩০ অক্টোবরের মধ্যে চারুকলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে।